একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১২.১৯-২২

তারিখঃ ৩০ পৌষ ১৪২৬
১৪ জানুয়ারি ২০২০

# পরিপত্র-৬

**বিষয়ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ চূড়ান্তকরণ, প্রশিক্ষণ এবং নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্ট নিয়োগ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ, তাদের প্রশিক্ষণ, নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্ট নিয়োগ এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে নিম্নেবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

০২। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ:** ভোটকেন্দ্রে দায়িত্ব পালনের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার অর্থাৎ ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের প্যানেল প্রস্তুতপূর্বক **পরিশিষ্ট-ক** মোতাবেক চূড়ান্ত নিয়োগ প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮ ও মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত এবং নির্বাচন কমিশন সচিবালয় হতে ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখে জারিকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১৭.১৯-৪৫৭ এর নির্দেশনা অনুসরণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লিখিত নির্বাচন যেহেতু ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে সেহেতু ইতঃপূর্বের নির্দেশনা অনুসারে সর্বাধিক সংখ্যক প্রযুক্তিগত বিশেষ করে তথ্য প্রযুক্তি জ্ঞান সম্পন্ন কর্মকর্তাদের প্রিজাইডিং ও সহকারী প্রিজাইডিং অফিসার হিসাবে নিয়োগ প্রদান করতে হবে। ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে সরকারি বা স্বায়ত্তশাসিত অফিস, প্রতিষ্ঠান, সংস্থার কর্মকর্তা/কর্মচারী অথবা সরকারি বা এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণকে প্রাধান্য দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ঢাকা মহানগরীস্থ প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা শিক্ষকগণের মধ্য হতে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করতে হবে। তবে ঢাকা মহানগরীস্থ প্রতিষ্ঠানসমুহে কর্মকর্তা/কর্মচারী বা শিক্ষক স্বল্পতা হলে গাজীপুর মহানগরস্থ, নারায়ণগঞ্জ সিটি ও ঢাকা মহানগর সংলগ্ন উপজেলা হতে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করা যাবে। তবে ঢাকা মহানগর বর্হিভূত অফিস/ প্রতিষ্ঠান হতে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের পূর্বে নির্বাচন কমিশনের তাৎক্ষণিক অনুমোদন/অনুমতির জন্য প্রেরণ করতে হবে।

০৩। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ:** প্রিজাইডিং অফিসার, সহকারি প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের দক্ষতার উপর সুষ্ঠু নির্বাচন অনেকাংশে নির্ভরশীল বিধায় ভোটগ্রহণ কর্মকর্তাগণকে ভোটগ্রহণ অনুষ্ঠানের নিয়মাবলী যেমন- ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ পরিচালনা, ভোটগণনা, ফলাফল প্রস্তুত ও প্রদান, অমোচনীয় কালির কলম, নির্বাচনি কাগজপত্র ও দ্রব্যাদির ব্যবহার ও ব্যবস্থাপনা এবং নির্বাচন বিধিমালা ও ভোটকেন্দ্র ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এ বিষয়ে ইতোমধ্যে নির্দেশনা জারী করা হয়েছে। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এ প্রশিক্ষণের কার্যক্রম পরিচালনা করবে। সফলভাবে প্রশিক্ষণ সম্পাদনের জন্য সহকারী রিটার্নিং অফিসার ও রিটার্নিং অফিসারগণ সক্রিয়ভাবে সহায়তা করবেন।

০৪। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ নির্দেশিকা:** ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার উদ্দেশ্যে প্রিজাইডিং অফিসার এবং সহকারী প্রিজাইডিং অফিসারদের জন্য ‘‘ ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ উপলক্ষে ম্যানুয়াল’’ শীর্ষক একটি পুস্তিকা প্রণয়ন করা হয়েছে। তাছাড়া ইভিএম ব্যবহার, ভোটগ্রহণ কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য, নির্বাচন পরিচালনা, আচরণ বিধি ও ভোটারদের সচেতনতা সম্পর্কিত একাধিক নির্দেশনা ও লিফলেট রয়েছে। ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণের সময় উল্লেখিত ম্যানুয়াল, নির্দেশিকা ও লিফলেট প্রদানের জন্য মাননীয় নির্বাচন কমিশন বিশেষভাবে নির্দেশ প্রদান করেছেন। প্রশিক্ষণ ম্যানুয়াল, দ্রব্যাদি ও উপকরণ ব্যতীত কোনক্রমেই যেন প্রশিক্ষণ পরিচালিত না হয় তার জন্য রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করবেন। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটও এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবে।

০৫। **নির্বাচনি এজেন্টদের যোগ্যতা ও নিয়োগ:** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ২৪ বিধি অনুসারে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসেবে নির্বাচনের যোগ্য একজন

ব্যক্তিকে তার নির্বাচনি এজেন্ট হিসেবে নিয়োগ করা যাবে। এই বিধির অধীনে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচনি এজেন্ট নিয়োগ না করলে তিনি নিজেই তাঁর নির্বাচনি এজেন্ট হিসাবে গণ্য হবেন ।

০৬। **নির্বাচনি এজেন্ট নিয়োগ বাতিল**: বিধি ২৪ এর উপবিধি (৩) অনুসারে একজন প্রতিদ্বন্দ্বী প্রার্থী লিখিতভাবে যে কোন সময় নির্বাচনি এজেন্ট নিয়োগ বাতিল করতে পারবেন। নির্বাচনি এজেন্ট বাতিল হলে অথবা নির্বাচনি এজেন্ট মৃত্যুবরণ করলে উক্ত প্রার্থী তার নির্বাচনি এজেন্ট হিসেবে অন্য কোন ব্যক্তিকে নিয়োগদান করতে পারবেন। নির্বাচনি এজেন্ট নিয়োগ ফরম-'জ' অনুসারে রিটার্নিং অফিসারকে লিখিতভাবে অবহিত করতে হবে।

০৭। **পোলিং এজেন্টদের নিয়োগ ও কর্তব্য**: স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৫ এর উপবিধি (১) অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁর নির্বাচনি এজেন্ট ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক ভোটকেন্দ্রের প্রতিটি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার তালিকাভুক্ত ভোটারদের মধ্য হতে একজন করে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। উপ-বিধি (২) অনুসারে প্রিজাইডিং অফিসারের নিকট ভোট গ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট প্রিজাইডিং অফিসারের নিকট সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র ফরম 'জ-১' এ দাখিল করবেন। পোলিং এজেন্ট নিয়োগ যদি বাতিল হয় কিংবা পোলিং এজেন্ট মৃত্যুবরণ করেন তবে উক্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট অন্য কোন ব্যক্তিকে পোলিং এজেন্ট নিয়োগ করে অনুরুপ নিয়োগদান সম্পর্কে প্রিজাইডিং অফিসারকে লিখিতভাবে অবহিত করবেন। পোলিং এজেন্টগণ ভোটকেন্দ্রে ছবিছাড়া ভোটার তালিকা নিয়ে ভোটকক্ষের নির্ধারিত স্থানে অবস্থান করে ভোটগ্রহণ কার্যাদি অবলোকন করতে পারবেন এবং ভোটারকে সঠিকভাবে সনাক্ত করতে ভোটগ্রহণ কর্মকর্তাদের সহায়তা করবেন। তবে যদি কোন পোলিং এজেন্ট অনুপস্থিত থাকেন বা কোন সময় ভোটকেন্দ্র হতে চলে যান, তা হলে ভোটগ্রহণ কার্যক্রম কোনক্রমেই বন্ধ থাকবে না। সহকারী প্রিজাইডিং অফিসার ফরম 'জ-২' অনুসারে পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ড রাখবেন। কোন পোলিং এজেন্ট বিশেষ প্রয়োজনে ভোটকক্ষের বাইরে গেলে এবং আবার প্রবেশ করলে তাও ফরম-জ-২ এ রেকর্ড করবেন।

০৮। **পোলিং এজেন্ট ভোটকেন্দ্র/ভোটকক্ষে ঘুরাফিরা না করা বা বাইরে না যাওয়া**: পোলিং এজেন্টগণ তাঁদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থেকে ভোটগ্রহণ কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। তারা কোনভাবেই ভোটদান কক্ষে যেতে পারবেনা। এমনকি ভোটগ্রহণ চলাকালে ঘন ঘন বাইরেও যেতে পারবেননা। জরুরী বা প্রাকৃতিক কোন কাজে বাইরে যাওয়ার প্রয়োজন হলে যথাসম্ভব দ্রুততার সাথে ফিরে আসার নির্দেশনা দিতে হবে। তবে পথিমধ্যে কারও সাথে আলাপ আলোচনা বা তথ্য আদান-প্রদান করতে পারবেনা। খাবারের প্রয়োজন হলে সকাল বেলা আসন গ্রহণের প্রাক্কালেই খাবার নিয়ে আসতে হবে। খাবারের জন্য বা খাবারের অজুহাতে কক্ষের বাহিরে যেতে পারবেনা। বিষয়টি পূর্বেই প্রার্থী, তার নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণকে জানিয়ে দিতে হবে। ভোটগ্রহণ শেষ হওয়ার ১ ঘণ্টা পূর্ব হতে কোন পোলিং এজেন্ট বাইরে যেতে পারবেনা। কোন পোলিং এজেন্ট বা নির্বাচনি এজেন্ট ভোটকক্ষে কোন মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। প্রিজাইডিং অফিসার এর নিশ্চয়তা বিধান করবেন।

০৯। **নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণের নিয়োগ, দায়িত্ব ও কর্তব্য ইত্যাদি অবহিতকরণ**: পোলিং এজেন্টের তালিকা ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে ফরম-জ-১ এ নিয়োগদানপূর্বক প্রিজাইডিং অফিসারের নিকট দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল প্রার্থীকে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে। নির্বাচনি এজেন্ট এবং পোলিং এজেন্ট নিয়োগ, তাদের দায়িত্ব ও কর্তব্য সংশ্লিষ্ট সকল প্রার্থীকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট প্রার্থী, প্রার্থীর নির্বাচনি এজেন্ট এবং পোলিং এজেন্টগণকে উক্ত নির্দেশসমূহ প্রতিপালনের জন্যও আহবান জানাতে হবে।

১০। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। সেই সাথে এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হল।

২৪/০১/২০২০

( মাহফুজা আক্তার )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com

প্রাপক : (১) জনাব মোঃ আবুল কাসেম
যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
ও
রিটার্নিং অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন নির্বাচন

(২) জনাব মোঃ আবদুল বাতেন
যুগ্মসচিব ও পরিচালক (এনআইডি), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
ও
রিটার্নিং অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১২.১৯-২২

তারিখঃ ৩০ পৌষ ১৪২৬
১৪ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, ................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব, ........................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
১০. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
১১. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৭. জেলা প্রশাসক, ঢাকা
১৮. পুলিশ সুপার, ঢাকা
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. ..........................................................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২১. উপজেলা নির্বাহী অফিসার, .......................(সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..............................................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা নির্বাচন অফিসার/থানা নির্বাচন অফিসার,..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. থানা নির্বাচন কর্মকর্তা,..........................(সংশ্লিষ্ট)
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা.........................(সংশ্লিষ্ট) থানা।

১৪/০১/২০২০

(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০

**পরিশিষ্ট 'ক'**

রিটার্নিং অফিসারের কার্যালয়

সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তার নিয়োগপত্র

সিটি কর্পোরেশনের নামঃ-----------------------------------

ভোটকেন্দ্রের নম্বর ও নামঃ--------------------------------------------------- ভোট কক্ষের (বুথ) সংখ্যা -----------

ভোটার এলাকার নামঃ------------------------------------------------------- ভোটার সংখ্যাঃ---------------

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৮ বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে আমি এতদ্দ্বারা বর্ণিত ব্যক্তিগণকে সিটি কর্পোরেশনের --------- ওয়ার্ডের ----------------------------------------------- ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে ভোটগ্রহণে সহায়তা দানের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার হিসাবে নিয়োগ করিতেছিঃ

| প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি | সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি | পোলিং অফিসারের নাম ও পদবি | প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসার হিসাবে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য সহকারী প্রিজাইডিং অফিসারের নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। ...................... | ১।............................ | ১। ........................... | ১। ......................... |
| | | ২। ........................... | |
| | ২। ........................... | ১। ........................... | |
| | | ২। ........................... | |
| | ৩। ............................ | ১। ........................... | |
| | | ২। ........................... | |
| | ৪। ........................... | ১। ........................... | |
| | | ২। ........................... | |
| | ইত্যাদি | ইত্যাদি | |

তারিখঃ

রিটার্নিং অফিসারের স্বাক্ষর
নাম ও পদবীঃ

✂---------------------------------------------------------------------------------------------------------

(এই অংশটুকু স্বাক্ষরপূর্বক রিটার্নিং অফিসারকে ফেরত দিতে হইবে)

**ভোট গ্রহণ কর্মকর্তার অংগীকার নামা**

ভোটগ্রহন কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রাপ্ত হইয়া আমি-------------------------------------, -------------------------------------
নাম পদবী

অংগীকার করিতেছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সর্ব প্রকার দলীয়/গোষ্ঠীয়/ধর্মীয় প্রভাব হইতে মুক্ত থাকিয়া সততা ও ন্যায় নিষ্ঠার সাথে পালন করিব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০; নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নং আইন) এবং সংশ্লিষ্ট আইন অনুযায়ী দায়ী থাকিব।

তারিখঃ

প্রিজাইডিং /সহকারী প্রিজাইডিং অফিসার/পোলিং অফিসারের
পূর্ণ নাম ও স্বাক্ষরঃ